



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৪৬

তারিখঃ ১৭/১২/১৮ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আশিষ কুমার সেন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, পিরোজপুর সদর, উপজেলায় কর্মরত আছেন। প্রকল্পের কার্যক্রম পর্যালোচনান্তে দেখা যায় যে, বিগত ১৩/১২/২০১৮ খ্রিঃ তারিখে অত্র উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১৭.৩২ লক্ষ টাকা এবং কিস্তি খেলাপীর পরিমাণ প্রায় ৫০.৪৮ লক্ষ টাকা। ইতোপূর্বে খেলাপী ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সাপ্তাহিক ছুটির দিনে বিশেষ অভিযান পরিচালনার জন্য বার বার নির্দেশনা দেয়া হলেও খেলাপী ঋণের পরিমাণ না কমে উপরোক্ত আশংকাজনক হারে বৃদ্ধি পেয়েছে। এতে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে আপনার অনাগ্রহ, উদাসীনতা, অদক্ষতা সুস্পষ্টভাবে প্রতীয়মান। খেলাপী ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনার ক্ষেত্রে আপনার তৎপরতা/ কার্যকর উদ্যোগের অভাব, সাপ্তাহিক ভিত্তিতে সমিতি পরিচালনা না করায় খেলাপী ঋণের পরিমাণ দিন দিন বাড়ছে যা আপনার দায়িত্ব পালনে অবহেলা ও অদক্ষতার কারনেই ঘটছে। কর্তব্যকর্মে অবহেলার জন্য কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান

উপ-প্রকল্প পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা

০২-৮১৮০১৪৩

জনাব আশিষ কুমার সেন
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি,
সদর, পিরোজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. মনিটরিং কর্মকর্তা (খেলাপী ঋণ বৃদ্ধির প্রকৃত কারণ উৎঘাটন ও মনিটরিং জোরদারকরণের জন্য বলা হলো)।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, পিরোজপুর।
৭. ব্যক্তিগত নথি / গার্ড ফাইল।